

## সংবাদ বিজ্ঞপ্তি

# ইসলাম প্রচার ও প্রতিষ্ঠায় আলেমদের আকাজক্ষাকে বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিষ্ঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পৃথিবীর বুকে শীর্ষ অবস্থানে থাকবে- ভার্চুয়ালী মতবিনিময় সভায় ইআবি উপাচার্য

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কামিল ও চার বিভাগের ফাজিল মাদ্রাসার অধ্যক্ষগণের সাথে ভার্চুয়ালী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ সভাপতিত্ব করেন। আজ সোমবার দুপুর ২.০০ টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অফিস কক্ষে ভার্চুয়ালী সংযুক্ত হয়ে অধিভুক্ত সকল কামিল মাদ্রাসার অধ্যক্ষগণের সাথে মতবিনিময় করেন উপাচার্য। পরে একই দিন বিকেল ৩.৩০টা মিনিটে রংপুর, খুলনা, সিলেট ও ময়মনসিংহ বিভাগের ফাজিল মাদ্রাসার তিনশতাধিক অধ্যক্ষগণের সাথে মতবিনিময় সভায় ভার্চুয়ালী যোগদেন তিনি। ভার্চুয়ালী মতবিনিময় সভার সঞ্চালনা করেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ড. মো. আবু হানিফা।

সভায় উপাচার্য বলেন, ইসলাম প্রচার ও প্রতিষ্ঠায় আলেমদের আকাজক্ষাকে বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিষ্ঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পৃথিবীর বুকে শীর্ষ অবস্থান নিয়ে মাথা তুলে দাঁড়াবে। উপাচার্য আরো বলেন, বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম দ্রুত পরিচালনার জন্য অনলাইনের মাধ্যমে নবায়ন সেবা প্রদান, শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা, সময়মত পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ করা হবে। এ সময় তিনি ক্রস কর্মসূচী গ্রহণের মাধ্যমে এক বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়কে সেশনজট মুক্ত করার ঘোষণা দেন।

মাননীয় উপাচার্য খুলনার কয়রায় উত্তরচক আমিনিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ পদে নিয়োগ পরীক্ষায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মো. নজরুল ইসলামের ওপর হামলার ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে হামলার সাথে জড়িত প্রত্যেকের দৃষ্টান্তমূলক শাস্তি গ্রহণের আশ্বাস দেন।

মাননীয় উপাচার্য হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে শাহাদাত বরণকারী ৩০ লক্ষ শহীদ এবং ১৫ই আগস্টে শাহাদাত বরণকারী সকলের আত্মার মাগফেরাত কামনাসহ শিক্ষা পরিবারের অভিভাবক মাননীয় শিক্ষামন্ত্রী ড. দিপু মনি এমপির মাতা বিশিষ্ট শিক্ষাবিদ মরহুমা 'রহিমা ওয়াদুদ' এর মৃত্যুতে ভার্চুয়াল সংযুক্ত সকল অধ্যক্ষগণকে নিয়ে রুহের মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করেন।

### অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।

  
(ড. মো. আবু হানিফা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়